

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জনপ্রশাসন মন্ত্রণালয়
মাঠ প্রশাসন-২ শাখা
www.mopa.gov.bd

নং-০৫.০০.০০০০.১৩৯.১৯.০১৪.১৮-৫৩৯

তারিখ: ২২ কার্তিক ১৪২৫
০৬ নভেম্বর ২০১৮

প্রজ্ঞাপন

নিম্নবর্ণিত কর্মকর্তাকে পুনরাদেশ না দেয়া পর্যন্ত তার নামের পাশে উল্লিখিত পদে বদলি/ পদায়ন করা হলো:

| ক্র | কর্মকর্তার নাম, পরিচিতি নম্বর, পদবি ও বর্তমান কর্মস্থল | বদলিকৃত পদ |
|-----|---|--------------------------------------|
| ১ | জনাব কাজী মো: আলিম উল্লাহ (১৬৩৩৩) বিশেষ ভারপ্রাপ্ত কর্মকর্তা (সিনিয়র সহকারী সচিব) জনপ্রশাসন মন্ত্রণালয়। | অতিরিক্ত জেলা প্রশাসক খাগড়াছড়ি। |

২। অতিরিক্ত জেলা প্রশাসক হিসেবে বদলিকৃত কর্মকর্তাকে তার নিজ অধিক্ষেত্রে (পদায়িত জেলায়) The Code of Criminal Procedure, 1898 এর 10(2) ধারার বিধান অনুযায়ী অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেটের ক্ষমতা অর্পণ করা হলো।

৩। জনপ্রশাসন মন্ত্রণালয়ের ০১-১১-২০১৮ তারিখের ০৫.০০০০.১৩৯.১৯.০১৪.১৮-৫৩৪ সংখ্যক প্রজ্ঞাপনমূলে জনাব মোহাম্মদ হাবিব উল্লাহ (১৬২১৫), উপজেলা নির্বাহী অফিসার, শাহরাস্তি, চাঁদপুর-কে খাগড়াছড়ি জেলার অতিরিক্ত জেলা প্রশাসক হিসেবে বদলি আদেশের সংশ্লিষ্ট অংশটুকু এতদ্বারা বাতিল করা হলো।

৪। বর্ণিত কর্মকর্তা আগামী ০৭-১১-২০১৮ তারিখের মধ্যে বর্তমান কর্মস্থল হতে অবমুক্ত হবেন; অন্যথায় বিধি মোতাবেক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হবে।

৪। জনস্বার্থে জারিকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে,

(দেওয়ান মাহবুবুর রহমান)
উপসচিব
ফোন: ৯৫৭৫৪৪৩

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১৪. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ/ প্রধানমন্ত্রীর মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়।
১৫. সিনিয়র সচিব/সচিব-----মন্ত্রণালয়/বিভাগ।
১৬. বিভাগীয় কমিশনার,-----।
১৭. মন্ত্রীর একান্ত সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয় (মাননীয় মন্ত্রীর সদয় অবগতির জন্য)।
১৮. প্রতিমন্ত্রীর একান্ত সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয় (মাননীয় প্রতিমন্ত্রীর সদয় অবগতির জন্য)।
১৯. জেলা প্রশাসক,-----।
২০. সচিবের একান্ত সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয় (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
২১. সিনিয়র সিস্টেমস এনালিস্ট, পিএসসি, জনপ্রশাসন মন্ত্রণালয় (ওয়েবসাইটে প্রকাশ এবং পিডিএস হালনাগাদ করার জন্য)।
২২. উপপরিচালক, বাংলাদেশ ফরমস ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা (বাংলাদেশ গেজেটের পরবর্তী সংখ্যায় প্রকাশের জন্য)।
২৩. জনাব/বেগম-----।
২৪. প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা,-----।
২৫. উপজেলা/জেলা হিসাব রক্ষণ কর্মকর্তা,-----।
২৬. অতিরিক্ত সচিব/ যুগ্মসচিব এর ব্যক্তিগত কর্মকর্তা (সকল), জনপ্রশাসন মন্ত্রণালয় (অতিরিক্ত সচিব/ যুগ্মসচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।